

১০ forum

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

দু'গ্রুপ ছাত্রের মধ্যে

সংঘর্ষ : পুলিশ

মোতায়েন

নির্ভর বাড়া পরিবেশক

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা দেয়া নিয়ে দুই দল ছাত্রের মধ্যে গত দু'দিন ধরে হামলা-পাল্টা হামলার ঘটনা ঘটেছে। ফলে ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

জানা গেছে, গত শুক্রবার শেরেবাংলা পুলিশ : পৃঃ ১১ কঃ ৩

পুলিশ : কৃষি বিশ্ববিদ্যালয়

কৃষি বিশ্ববিদ্যালয়ে সেভেল-৩ পরীক্ষা দেয়া নিয়ে শিক্ষার্থীদের মধ্যে বিভক্তির সৃষ্টি হয়। এক গ্রুপ পরীক্ষা দিতে চাইলে ও অপর গ্রুপ পরীক্ষা না দেয়ার বিকল্প নেয়। পরবর্তীতে এক গ্রুপ পরীক্ষা দেয়। এতে ক্ষতি করে পরীক্ষা না দেয়া গ্রুপ পরীক্ষা দেয়ার এক ছাত্রের পিড়িয়ে আহত করে।

এদিকে গতকাল বোম্বার পরীক্ষা দেয়া গ্রুপের ছাত্ররা উপচার্যের কাছে এই হামলার বিচার চেয়ে স্মারকসিপি দিতে গেলে আবার তাদের ওপর হামলা চালায় পরীক্ষা না দেয়া গ্রুপের ছাত্রেরা। ফলে গত দু'দিন ধরে ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে প্রশাসন অতিরিক্ত পুলিশ মোতায়েন করেছে।